## ক্ষেতলাল উপজেলা পরিষদের জুলাই/২০১৪ মাসে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| সভাপতি | ঃ | মোঃ রওনকুল ইসলাম টিপু চৌধুরী<br>চেয়ারম্যান, উপজেলা পরিষদ<br>ক্ষেতলাল, জয়পুরহাট। |
| তারিখ | ঃ | ২২-০৭-২০১৪ খ্রিঃ। |
| সময় | ঃ | বিকাল ৩.০০ টা। |
| স্থান | ঃ | উপজেলা পরিষদ সভা কক্ষ, ক্ষেতলাল,জয়পুরহাট। |

সভায় উপস্থিত/ অনুপস্থিত সদস্যগণের নামের তালিকা ঃ পরিশিষ্ট 'ক' ও 'খ' দ্রষ্টব্য ।

সভার প্রারম্ভে সভাপতি নবাগত উপজেলা নির্বাহী অফিসার ও সভায় উপস্থিত সকল সদস্যকে শুভেচ্ছা জানিয়ে সভার কাজ আরম্ভ করেন। সভাপতির অনুমতিক্রমে উপজেলা নির্বাহী অফিসার গত সভার কার্যবিবরণী পাঠ করে শুনান এবং কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় সর্ব সম্মতিক্রমে গৃহীত ও অনুমোদিত হয়।

### আলোচ্য সূচী ঃ বিভাগীয়

০১। উপজেলা প্রকৌশল দপ্তরঃ

উপজেলা প্রকৌশলী, ক্ষেতলাল, জয়পুরহাট সভায় জানান যে, ২০১৩-১৪ অর্থ বৎসরে অর্থ বরাদ্দ কম থাকায় বার্ষিক উন্নয়ন প্রকল্পের আওতায় যে সকল প্রকল্প বাস্তবায়িত হয়নি সে সকল প্রকল্প ব্যাপারে সিদ্ধান্ত গ্রহণ করা প্রয়োজন। বিষয়টি নিয়ে বিস্তারিত আলোচনা হয়। তিনি আরও জানান যে, এলজিইডি এর Rate Schedule পরিবর্তন হয়েছে নতুন অর্থ বৎসরের Rate Schedule এখনো পাওয়া যায়নি। নতুন Rate Schedule পাওয়া মাত্রই তা অনুসরন করে প্রাক্কলন প্রস্তুত পূর্বক প্রকল্পগুলো বাস্তবায়নের ব্যবস্থা গ্রহণ করা হবে।

উপজেলা প্রকৌশলী আরও জানান যে, ২০১৪-১৫ অর্থ বৎসরে বার্ষিক উন্নয়ন কর্মসূচীর আওতায় বাস্তবায়নের লক্ষ্যে উপজেলা পরিষদ ম্যানুয়াল অনুসরন পূর্বক খাতওয়ারী প্রকল্প দাখিলের জন্য সম্মানিত ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণদের অনুরোধ জানান।

তিনি আরও জানান যে, উপজেলা পরিষদ ভবন দুটি এবং হল রুম জরাজীর্ণ এবং ব্যবহারের ঝুকিপূর্ণ। যে কোন সময় ভবন ভেঙ্গে পড়ে জান মালের ক্ষতি সাধন হওয়ার সম্ভাবনা রয়েছে। তিনি জানান এই ভবনগুলি ব্যবহারের অনুপযোগি এবং ঝুকিপূর্ণ সনাক্ত করে নির্বাহী প্রকৌশলী এলজিইডি, জয়পুরহাট এবং নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ, জয়পুরহাট গত ০৫/০৫/২০১৩ খ্রিঃ তারিখে সরেজমিন পরিদর্শন করে দাপ্তরিক কাজ-কর্ম চালানোর জন্য সম্পুর্ণ অনুপযোগি, অনিরাপদ ও বেশ ঝুকিপূর্ণ বিধায় ভবনটিতে সকল কাজ-কর্ম বন্ধ রাখার জন্য ০৬/০৫/২০১৩ খ্রিঃ তারিখে একটি প্রতিবেদন দিয়েছেন। সে আলোকে উপজেলা প্রকৌশলী পরিষদ ভবনের একটি প্রাক্কলণ প্রস্তুত পূর্বক সভায় উপস্থাপন করেন। এছাড়াও উপজেলা ভূমি অফিস ভবনটির বিভিন্ন জায়গায় ফাটল ধরে দাপ্তরিক কাজ-কর্ম চালানোর জন্য সম্পুর্ণ অনুপযোগী, অনিরাপদ ও বেশ ঝুঁকিপূর্ণ অবস্থায় রয়েছে। ভবনটি সরেজমিনে পরিদর্শন পূর্বক উপজেলা প্রকৌশলী প্রাক্কলণ প্রস্তুত করে সভায় উপস্থাপন করেন। বিষয়টি নিয়ে বিস্তারিত আলোচনা হয়।

সিদ্ধান্ত ঃ ১। বার্ষিক উন্নয়ন প্রকল্পের আওতায় গৃহীত যে সকল প্রকল্প অর্থ বরাদ্দ কম পাওয়ায় বাস্তবায়ন করা সম্ভব হয়নি সে সকল প্রকল্প উপজেলা উন্নয়ন তহবিলের অর্থ দ্বারা বাস্তবায়ন করা হবে।

সিদ্ধান্ত ঃ ২। নতুন Rate Schedule পাওয়ার পর সে অনুযায়ী প্রাক্কলন প্রস্তুত করার জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হয়।

সিদ্ধান্ত ঃ ৩। ২০১৪-১৫ অর্থ বৎসরে বার্ষিক উন্নয়ন কর্মসূচীর আওতায় বাস্তবায়নের লক্ষ্যে উপজেলা পরিষদ ম্যানুয়াল অনুসরন পূর্বক খাতওয়ারী প্রকল্প দাখিলের জন্য সম্মানিত ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণদের অনুরোধ করা হয়।

সিদ্ধান্ত ঃ ৪। বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদের হলরুমসহ পরিষদদের ০২দুটি ভবন ও উপজেলা ভূমি অফিস ভবন অত্যন্ত ঝুঁকিপূর্ণ হওয়ায় তা ভেঙ্গে ফেলার জন্য উপজেলা প্রকৌশলী কর্তৃক উপস্থাপিত প্রাক্কলণটি সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয় এবং "উপজেলা পরিষদ ম্যানুয়াল" মোতাবেক জেলা কনডেমনেশন কমিটিতে প্রাক্কলণসহ সভার রেজুলেশণ পরবর্তী ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়।

০২। প্রাণিসম্পদ বিভাগঃ

উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, ক্ষেতলাল, জয়পুরহাট সভায় জানান যে, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি তার দপ্তরের জুলাই/ ২০১৪ খ্রিঃ মাসের কাজের অগ্রগতির প্রতিবেদন নিম্নরুপ ভাবে উপস্থাপন করেন।

| ক্রঃ নং | কার্যক্রম | আলোচ্যমাসে উৎপাদন/কার্যক্রম | আলোচ্য মাস পর্যন্ত ক্রমপঞ্জিত অর্জন (সংখ্যা/টাকা) | মন্তব্য |
|---|---|---|---|---|
| ০১। | গবাদি পশুর টিকা দান | ২,২৮০ | ২,২৮০ | |
| ০২। | হাঁস-মুরগীর টিকাদান | ৮৯,৫০০ | ৮৯,৫০০. | |
| ০৩। | গবাদি পশুর চিকিৎসা | ১২৫ | ১২৫ | |
| ০৪। | হাঁস-মুরগীর চিকিৎসা | ৭৮,৯৩০ | ৭৮,৯৩০ | |
| ০৫। | গবাদি পশুর কৃত্রিম প্রজনন | ১,০৬৪ | ১,০৬৪ | |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ০৬। | টিকা বিক্রয় লব্ধ অর্থ ট্রেজারী চালানে জমা | | ১৭,২১৫/= | ১৭,২১৫/= | |
| ০৭। | কৃত্রিম প্রজনন ফি ট্রেজারী চালানে জমা | | ২০,৬২৫/= | ২০,৬২৫/= | |
| ০৮। | অন্যান্য বাবদ জমা | | -- | -- | |
| ০৯। | ঋণ আদায় বাবদ জমা | মোট ঋণ বিতরন ১৩,৬৩,০০০/= | ৭,৮০০/= | ৭,৭৯,৫৭৬/= | অনাদায়ী ৫,৮৩,৪২৪/= |

গবাদী পশুর রোগ বালাই থেকে রক্ষা করার জন্য টিকাপ্রদান পরামর্শ প্রদান শীর্ষক সেবা ক্যাম্প চলতি মাসেও চলমান প্রক্রিয়া হিসাবে বিভিন্ন গ্রামে অনুষ্ঠিত হয়েছে। প্রাণিসম্পদ অফিসার আরো জানান তার দপ্তর হতে সুফলভোগীদের মাঝে বিভিন্ন সময়ে বিতরণকৃত টাকার মধ্যে এখনো ৫,৮৩,৪২৪/= (পাঁচ লক্ষ তিরাশি হাজার চারশত চব্বিশ) টাকা অনাদায়ী রয়েছে। যা আদায়ের ব্যাপারে পরিষদের নিকট পরামর্শ ও সহযোগিতা কামনা করেন। তার দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক রয়েছে।

সিদ্ধান্তঃ ঋণ আদায়ে অধিকতর তৎপরতার সাথে কাজ করার জন্য অনুরোধ করা হয়।

০৩। <u>উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ বিভাগ ঃ</u>

উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার, ক্ষেতলাল সভায় জানান যে, তার বিভাগের স্বাস্থ্যসেবা সংক্রান্ত কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে।

সিদ্ধান্তঃ অত্র উপজেলার জনগণের স্বাস্থ্যসেবার মান নিশ্চিত করার জন্য তাকে অনুরোধ করা হয়।

০৪। <u>উপজেলা কৃষি বিভাগঃ</u>

উপজেলা কৃষি অফিসার, ক্ষেতলাল, জয়পুরহাট সভায় জানান যে, অত্র উপজেলায় চলতি খরিপ-২ মৌসুমে রোপা আমন আবাদের লক্ষ্যমাত্রা ১০,৮০০ হেক্টর। এ পর্যন্ত রোপা আমনের অর্জিত জমির পরিমান ৯,৮৫০ হেক্টর। মাঠে আবাদের পরিস্থিতি ভাল। চলতি মৌসুমে ৪৫১ মেঃ টন ইউরিয়া সার বরাদ্দ পাওয়া গেছে। উক্ত বরাদ্দকৃত সার অত্র উপজেলার ১১জন বিসিআইসি সার ডিলারের মাঝে ৪১ মেঃ টন করে বরাদ্দ প্রদান করা হয়েছে। সারের মজুদ ও বিতরণ পরিস্থিতি সন্তোষজনক। তিনি আরও বলেন তার অফিস ভবনের অবস্থা খুবই নাজুক। ঘরের মেঝেগুলো দেবে গেছে, দেওয়ালগুলোতে ফাটল ধরেছে। যেকোন সময় বড় ধরনের দূর্ঘটনা ঘটার সম্ভাবনা বিদ্যমান। উপজেলায় নতুন হিসেবে তার দাপ্তরিক কাজ-কর্ম সুষ্ঠুভাবে পরিচালনার জন্য সকলের সহযোগিতা কামনা করেন।

সিদ্ধান্তঃ সদ্য যোগদানকৃত কৃষি অফিসারকে সভা হতে স্বাগত জানানো হয়। অত্র উপজেলায় যাতে সুষ্ঠুভাবে সার বিতরণ করা হয় সে দিকে বিশেষ নজর দেয়ার জন্য কৃষি অফিসারকে অনুরোধ করা হয়। অফিস ভবন বিষয়ে আলোচনা সাপেক্ষে পরবর্তীতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে মর্মে জানানো হয়।

০৫। <u>উপজেলা মৎস্য বিভাগ ঃ</u>

উপজেলা সহকারী মৎস্য অফিসার, ক্ষেতলাল, জয়পুরহাট সভায় জানান যে, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। জাতীয় মৎস্য সপ্তাহ/২০১৪ সকলের সহযোগিতায় সুষ্ঠুভাবে সম্পন্ন হয়েছে ফলে তিনি সকলকে ধন্যবাদ জানান।

সিদ্ধান্তঃ উপজেলা মৎস্য বিভাগের কার্যক্রম আরো গতিশীল করার জন্য মৎস্য অফিসারকে অনুরোধ করা হয়।

০৬। <u>উপজেলা খাদ্য বিভাগঃ</u>

উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, ক্ষেতলাল, জয়পুরহাট সভায় জানান যে, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। চলতি বোরো/১৪ মৌসুমে গত ২৬/০৫/২০১৪ইং তারিখ হতে ক্ষেতলাল খাদ্য গুদামে বোরো চাল/ধান সংগ্রহ কার্যক্রম শুরু হয়েছে। গত ২৬/০৫/২০১৪ তারিখ হতে ২১/০৭/২০১৪ ইং তারিখ পর্যন্ত মোট ১৩০১.০৫০ মেঃ টন বোরো চাল সংগ্রহ করা হয়। এবারের লক্ষমাত্রা চাউল-২৩২৯ মেঃ টন এবং ধান-৪৩৪ মেঃ টন।

ক্ষেতলাল উপজেলার ক্ষেতলাল খাদ্য গুদামের মজুদ খাদ্য শস্যের পরিমান নিম্নরুপঃ

১। চাউল বোরো - ১৩.০৫০ মেঃ টন
২। আমন চাউল- ৬২০.
৩। গম-২০.৫৪৭ মেঃ টন।
৪। খালি বস্তা -২৭,১৩০ টি।

<u>ক্ষেতলাল উপজেলা বাজার মূল্য নিম্নরুপ ঃ</u>

| বোরো ধান | | বোরো চাউল | | গম | | প্রতি কেজির মূল্য | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| কুইন্টাল | প্রতি মন | কুইন্টাল | প্রতি মন | কুইন্টাল | প্রতি মন | চাউল | আটা | চিনি | লবন | সয়াবিন তেল | সরিষার তেল |
| ১৭০০/- | ৬৮০/- | ২৯০০/- | ১১৬০/- | ২৩০০/- | ৯২৫/- | ৩০/- | ২৮/- | ৪২/- | ১২/- | ১১০/- | ১০০/- |
| ১৭৫০/- | ৭০০/- | ৩০০০/- | ১২০০/- | ২৩৫০/- | ৯৪০/- | ৩১/- | ২৯/- | ৪৪/- | ১৩/- | ১১২/- | ১১০/- |

সিদ্ধান্তঃ বোরো চাল/ধান সংগ্রহ কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্ন করার বিষয়ে এ বিভাগকে সজাগ থাকার জন্য অনুরোধ করা হয়।

০৭। উপজেলা প্রকল্প বাস্তবায়ন বিভাগ ঃ

উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, ক্ষেতলাল, জয়পুরহাট সভায় বলেন যে, তার বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি চলতি অর্থ বছরের প্রকল্প বাস্তবায়ন কাজের অগ্রগতি নিম্নরূপভাবে উপস্থাপন করেন-

| ক্রঃ নং | 'খাতসমূহ | প্রকল্প সংখ্যা | মোট বরাদ্দ (মেঃটন)/টাকা | মোট ব্যয় (মেঃটন) | শতকরা হার | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ০১ | টি, আর (সাধারণ) প্রকল্প | ৬৮ টি | ৯৪.৭৫৭ মেঃটন | ৯৪.৭৫৭ | ১০০% | সমাপ্ত |
| ০২ | টি,আর পৌরসভা | ১৭ টি | ১৯.৪৮৪৯ | ১৯.৪৮৪৯ | ১০০% | সমাপ্ত |
| ০৩ | জেলা প্রশাসক কর্তৃক প্রাপ্ত | ০৩ টি | ১৩.০০০ মেঃ টন | ১৩.০০০ | ১০০% | সমাপ্ত |
| ০৪ | টি, আর বিশেষ (পুরুষ এমপি) | ৩৫টি | ১২০.০০০ মেঃটন | ১২০.০০০ | ১০০% | সমাপ্ত |
| ০৫ | টি, আর বিশেষ (পুরুষ এমপি) | ৩৪টি | ৯৮.০০০ মেঃ টন | ৯৮.০০০ | ১০০% | সমাপ্ত |
| ০৬ | টি, আর বিশেষ (পুরুষ এমপি) | ৪৬ টি | ৪৭.০০০ মেঃ টন | ৪৭.০০০ | ৫০% | সমাপ্ত |
| ০৭ | টি, আর বিশেষ (মহিলা এমপি) | ০৩ টি | ১৫.০০০ মেঃ টন | ১০.০০০ | ৩৩.৩৩% | সমাপ্ত |
| ০৮ | টি, আর বিশেষ (মহিলা এমপি) | ০২ টি | ১০.০০০ মেঃ টন | ৭.৫০০ | ৫০% | -- |
| ০৯ | কাবিখা সাধারণ | ০৬টি | ৮৮.৯৬৩৭ মেঃ টন | ৮৮.৯৬৩৭ | ১০০% | সমাপ্ত |
| ১০ | কাবিখা বিশেষ (পুরুষ এমপি) | ০৯টি | ১০০.০০০ মেঃটন | ৯৪.৭৫০ | ৯৪.৭৫% | সমাপ্ত |
| ১১ | কাবিটা সাধারণ ১ম | ০৮ টি | ২০,৪৮,৬১১/৩৬ | ২০,৪৮,৬১১/৩৬ | ১০০% | সমাপ্ত |
| ১২ | কাবিটা বিশেষ ১ম | ১০ টি | ২০,৬২,৫০০/- | ২০,৬২,৫০০/- | ১০০% | সমাপ্ত |
| ১৩ | কাবিটা সাধারণ ২য় | ০৩ টি | ৬,৮২,৮৭০/৪৬ | ৬,৮২,৮৭০/৪৬ | ১০০% | সমাপ্ত |
| ১৪ | কাবিটা বিশেষ ২য় | ০৩ টি | ৬,৩৭,৫০০/- | ৬,৩৭,৫০০/- | ১০০% | সমাপ্ত |
| ১৫ | কাবিটা জেঃ প্রঃ কর্তৃক বরাদ্দ | ০১ টি | ২,৭৫০০০/০ | ২,৭৫০০০/০ | ১০০% | সমাপ্ত |
| ১৬ | অতিদরিদ্রের জন্য কর্মসংস্থান কর্মসূচী | ২৫ টি কার্ড সংখ্যা ৬৩৯ টি | ৫১,১২,০০০/-টাকা | ৫১,০০,৮০০/- টাকা | ৯৯.৭৭% | সমাপ্ত |

সিদ্ধান্তঃ বাস্তবায়িত প্রকল্পগুলোর কাজ সুষ্ঠুভাবে সম্পন্ন হয়েছে কিনা তা তদারকির জন্য উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তাকে অনুরোধ করা হয়।

০৮। জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ

উপসহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), ক্ষেতলাল, জয়পুরহাট সভায় বলেন যে, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। আপাতত কোন সমস্যা নেই।

সিদ্ধান্তঃ তার দপ্তরের কার্যক্রমে আরো গতিশীলতা আনয়নের জন্য অনুরোধ করা হয়।

০৯। উপজেলা শিক্ষা বিভাগ ঃ

উপজেলা শিক্ষা অফিসার, ক্ষেতলাল, জয়পুরহাট সভায় বলেন যে, তার বিভাগীয় সকল কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে।

সিদ্ধান্তঃ তার দপ্তরের কার্যক্রম আরো গতিশীল করার জন্য অনুরোধ করা হয়।

১০। উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগ

উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, ক্ষেতলাল, জয়পুরহাট সভায় বলেন যে, তার দপ্তরের সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। আপাতত কোন সমস্যা নেই।

সিদ্ধান্তঃ তার দপ্তরের কার্যক্রম আরো গতিশীল করার জন্য অনুরোধ করা হয়।

১১। উপজেলা সমাজসেবা বিভাগ ঃ

উপজেলা সমাজসেবা অফিসার, ক্ষেতলাল, জয়পুরহাট সভায় জানান যে, বয়স্ক, বিধবা ও প্রতিবন্ধী ভাতা এবং প্রতিবন্ধী উপবৃত্তির নিয়মিত কার্যক্রম অব্যাহত আছে। ব্যাংক কর্তৃক ৪র্থ কিস্তির অর্থ বিতরণ চলছে। অতিরিক্ত বরাদ্দের কার্যক্রম অব্যাহত আছে। সংশ্লিষ্ট চেয়ারম্যানগণকে বিধি মোতাবেক তালিকা সমূহ সমাজসেবা অফিসে জমা প্রদানের জন্য তিনি অনুরোধ জানান। তিনি আরও জানান যে, হিজড়া জনগোষ্ঠির ভাতা কার্যক্রম প্রক্রিয়াধীন। ক্ষুদ্রঋণ ও তার বিভাগের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।

সিদ্ধান্তঃ বয়স্ক, বিধবা ও প্রতিবন্ধী ভাতার তালিকা সমাজসেবা অফিসে জমা দেয়ার জন্য সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যানদের অনুরোধ করা হয়। সেই সাথে হিজরা সম্প্রদায়ের ভাতা কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার জন্য উপজেলা সমাজসেবা অফিসারকে অনুরোধ করা হয়।

১২। যুব উন্নয়ন বিভাগ ঃ

উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, যুব উন্নয়ন অধিদপ্তর ক্ষেতলাল, জয়পুরহাট সভায় অনুপস্থিত থাকায় তার দপ্তর সম্পর্কে আলোচনা করা গেল না।

সিদ্ধান্তঃ পরবর্তী সভায় তাঁকে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হয়।

১৩। উপজেলা মহিলা বিষয়ক বিভাগ ঃ

উপজেলা মহিলা বিষয়ক অফিসার, ক্ষেতলাল সভায় জানান যে, তার দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। আপাতত কোন সমস্যা নেই।

সিদ্ধান্তঃ তার দপ্তরের কার্যক্রমে আরো গতিশীলতা আনয়ন করার জন্য অনুরোধ করা হয়।

১৪। উপজেলা সমবায় বিভাগ ঃ

উপজেলা সমবায় অফিসার, ক্ষেতলাল সভায় বলেন যে, তার বিভাগীয় সকল কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে।

সিদ্ধান্তঃ তার দপ্তরের কার্যক্রম আরো গতিশীল করার জন্য অনুরোধ করা হয়।

১৫। উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগঃ

উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার সভায় বলেন যে, পরিবার পরিকল্পনা বিভাগ মূলত জনসংখ্যা নিয়ন্ত্রনে কাজ করে। তার দপ্তরের মাধ্যমে জনসংখ্যা নিয়ন্ত্রনের জন্য স্থায়ী ও অস্থায়ী পদ্ধতির সেবা দেওয়া হয়। বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি জুন/২০১৪ মাসের অগ্রগতির প্রতিবেদন নিম্নরূপভাবে উপস্থাপন করেন।

| | | | |
|---|---|---|---|
| ১। | উপজেলার মোট সক্ষম দম্পত্তির সংখ্যা | - | ২৬,৫২৪ জন। |
| ২। | উপজেলার মোট পদ্ধতি গ্রহণকারীর সংখ্যা | - | ২২,৩০৮ জন |
| ৩। | উপজেলার পদ্ধতি গ্রহণকারীর হার | - | ৮৪.১০% |

পদ্ধতি ভিত্তিক বিবরণ ঃ

| | পদ্ধতি | | পুরাতন | নতুন | মোট | অর্জনের হার |
|---|---|---|---|---|---|---|
| (ক) | খাবার বড়ি | | ১০৫২৭ | ১৪৮ | ১০৬৭৫ | ৪০.২৯% |
| (খ) | কনডম | | ১২১৯ | ৯০ | ১৩০৯ | ৪.৯৪% |
| (গ) | ইনজেকটেবলস | | ২৬৫২ | ৩৬ | ২৬৮৮ | ১০.১৫% |
| (ঘ) | আই ইউ ডি | | ৫২৪ | ২০ | ৫৪৪ | ২.০৫% |
| (ঙ) | ইমপ্ল্যান্ট | | ৮২১ | ৩৫ | ৮৫৬ | ৩.২৩% |
| (চ) | স্থায়ী পদ্ধতি | পুরুষ বন্ধ্যাকরণ | ৩১৬১ | ৩ | ৩১৬৪ | ১১.৯৪% |
| | | মহিলা বন্ধ্যাকরণ | ৩০৬৫ | ৭ | ৩০৭২ | ১১.৬০% |
| (ছ) | গর্ভবতী সেবা | | | | ৬০৫ | |
| (জ) | শিশু সেবা (০-৫ বৎসর) | | | | ৭২২ | |
| (ঝ) | সাধারণ রোগী | | পুরুষ | | ৬১৬ | |
| | | | মহিলা | | ৩১৯৬ | |

সিদ্ধান্তঃ তার দপ্তরের কাজকর্ম আরো গতিশীল করা সহ অত্র উপজেলা জনসংখ্যা নিয়ন্ত্রনে আন্তরিকতার সাথে সেবা প্রদান করার জন্য অনুরোধ করা হয়।

১৬। উপজেলা পল্লী দারিদ্র বিমোচন বিভাগ ঃ

উপজেলা দারিদ্র বিমোচন অফিসার, ক্ষেতলাল, জয়পুরহাট সভায় সভায় অনুপস্থিত থাকায় তার দপ্তর সম্পর্কে আলোচনা করা গেল না।

সিদ্ধান্তঃ পরবর্তী সভায় তাকে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হয়।

১৭। উপজেলা আনসার ও ভিডিপিঃ

উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা অসুস্থ্যতা জনিত কারনে সভায় অনুপস্থিত থাকায় তার দপ্তর সম্পর্কে আলোচনা করা গেল না।

সিদ্ধান্তঃ উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তার সুস্থ্যতার জন্য প্রার্থনা করা হয়।

১৮। উপজেলা পল্লী উন্নয়ন বিভাগ ঃ

উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, ক্ষেতলাল, জয়পুরহাট সভায় জানান যে, তার দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। আপাতত কোন সমস্যা নেই।

সিদ্ধান্তঃ তার দপ্তরের কার্যক্রমে আরো গতিশীলতা আনয়ন করার জন্য অনুরোধ করা হয়।

১৯। উপজেলা বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষ ঃ

সহকারী প্রকৌশলী, বিএমডিএ, ক্ষেতলাল জোন সভায় অনুপস্থিত থাকায় তার দপ্তর সম্পর্কে আলোচনা করা গেল না।

সিদ্ধান্তঃ পরবর্তী সভায় তাকে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হয়।

২০। বিবিধ আলোচনা ঃ

২০ (ক) কমান্ডার, মুক্তিযোদ্ধা সংসদ , ক্ষেতলাল উপজেলা কমান্ড সভায় জানান যে, তার দপ্তরে বসার জন্য গত সভায় উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে ১০ প্লাষ্টিকের চেয়ার বরাদ্দ দেয়ার সিদ্ধান্ত হলেও এখন পর্যন্ত তা না পাওয়ায় তিনি দুঃখ প্রকাশ করেন। এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।

সিদ্ধান্তঃ অতি শ্রীঘ্রই উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে উপজেলা মুক্তিযোদ্ধা সংসদে ১০ টি প্লাষ্টিকের চেয়ার প্রদান করা হবে মর্মে জানানো হয়।

২০। (খ) চেয়ারম্যান বড়তারা ইউপি সভায় বলেন যে, উপজেলার হাট-বাজার রক্ষণাবেক্ষন খাতসহ রাজস্ব তহবিলে কি পরিমান অর্থ আছে তা সভাকে অবগত করানোর অনুরোধ জানান এবং হাট-বাজার রক্ষনাবেক্ষন খাত হতে তার ইউনিয়নের উত্তরহাটশহর ও হোপ হাটে সংস্কার কাজ করার জন্য অর্থ বরাদ্দেরও অনুরোধ জানান। বিষয়টি নিয়ে বিস্তারিত আলোচনা হয়।

সিদ্ধান্তঃ ব্যাংক স্থিতি জানার পর পরবর্তী সভায় উপজেলার রাজস্ব তহবিলের অর্থ সম্পর্কে অবহিত করা হবে এবং সেই মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে মর্মে সভা হতে জানানো হয়।

২০। (গ) চেয়ারম্যান মামুদপুর ইউপি সভায় জানান যে, গত কয়েকটি অর্থ বছরে মামুদপুর ইউনিয়নকে উন্নয়নের বিষয়টিকে সংকুচিত করা হয়েছে। এছাড়াও ২০১৩-১৪ অর্থ বছরে টেন্ডারকৃত প্রকল্পের কাজগুলো সম্পন্ন করা সম্ভব হয়নি। এতে করে জনদূর্ভোগ বেড়েছে। এছাড়াও তিনি উপজেলা রাজস্ব গৌন খাতসহ ১৫% এবং ২% বিষয়ে প্রকল্প গ্রহণের অনুরোধ জানান।

সিদ্ধান্তঃ সভাপতি সভায় বলেন কোন ইউনিয়ন পরিষদকেই উন্নয়ন হতে আর বঞ্চিত করা হবে না। অত্র উপজেলার উন্নয়নের স্বার্থে পরবর্তীতে ঐ সব খাত হতে প্রকল্প গ্রহণ করা হবে।

২০। (ঘ) চেয়ারম্যান তুলসীগংগা ইউপি সভায় বলেন যে, গত সভায় উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে অত্র উপজেলার উন্নয়নের স্বার্থে উন্নয়ন প্রকল্প বরাদ্দ প্রদানের অনুরোধ জানিয়েছিলেন। এ বিষয়ে গত সভায় কোন সিদ্ধান্ত হয়নি। এতদ বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করার জন্য তিনি সভাকে অনুরোধ জানান। বিষয়টি নিয়ে বিস্তারিত আলোচনা হয়।

সিদ্ধান্তঃ উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে প্রতিটি ইউনিয়নের অনুকূলে ০২ দুটি করে PIC এর মাধ্যমে প্রদান করা হবে। প্রতিটি ইউপি চেয়ারম্যানকে সংশ্লিষ্ট ইউপি সভার রেজুলেশনসহ প্রকল্প দাখিলের অনুরোধ করা হয়।

২০। (ঙ) উপজেলা ভাইস চেয়ারম্যান সভায় জানান যে, তার অফিসে বেশ কিছু আসবাব পত্রের প্রয়োজন। তিনি তার অফিসের আসবাব পত্র ক্রয়ের বিষয়ে সভায় অনুরোধ জানান। এতদ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।

সিদ্ধান্তঃ প্রয়োজন সাপেক্ষে পরবর্তীতে ব্যবস্থা গ্রহণ করা হবে মর্মে জানানো হয়।

২০। (চ) উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান যে, উপজেলা পরিষদের ড্রেন পরিষ্কার করা বাবদ মাষিক ৩০০/- টাকা মুজুরী দেয়া হয়। যা বর্তমান বাজার মূল্যের সার্থে একেবারে অসামঞ্জ্যপূর্ণ বটে। তিনি মুজুরীর টাকা বাড়িয়ে দেয়ার জন্য সভায় অনুরোধ জানান। এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। তিনি আরও জানান যে, উপজেলা পরিষদে চেয়ার স্বল্পতা রয়েছে। সে হেতু গত জুন/মাসের মাসিক সভায় পরিষদের জন্য ১০০ (একশত) টি এবং মুক্তিযোদ্ধা সংসদের জন্য ১০ (দশ) টি প্লাষ্টিকের চেয়ার ক্রয়ের সিদ্ধান্ত হয়েছিল। চেয়ারগুলো ক্রয় করা জরুরী। উপজেলা নির্বাহী অফিসার আরও জানান যে, উপজেলা পরিষদের চেয়ারম্যান ও ভাইস চেয়ারম্যানদ্বয় এপ্রিল/১৪ হতে জুন/১৪ পর্যন্ত তিন মাসের ভ্রমন বিল দাখিল অন্তে মোট ৮৪,১২৫/- (চুরাশি হাজার একশত পঁচিশ) টাকা উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে গ্রহণ করেছেন। বিধি মোতাবেক উক্ত প্রদেয় অর্থ পরিষদ কর্তৃক অনুমোদন প্রয়োজন। বিষয়টি নিয়ে বিস্তারিত আলোচনা হয়।

সিদ্ধান্ত ঃ ১। আগামী আগষ্ট/১৪ মাস হতে ড্রেন পরিস্কার বাবদ ১০০০/- (এক হাজার) টাকা মাত্র মুজুরী নির্ধারণ করা হয়।

সিদ্ধান্ত ঃ ২। উপজেলা পরিষদ ও ক্ষেতলাল উপজেলা মুক্তিযোদ্ধা সংসদের জন্য মোট ১১০/- (একশত দশ) টি প্লাষ্টিকের চেয়ার উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে অতি শীঘ্রয় ক্রয় সংক্রান্ত সরকারী বিধি অনুসরন পূর্বক ক্রয় হবে এবং এতদ বিষয়ে নিম্নোক্ত কর্মকর্তাদের সমম্বয়ে একটি কোটেশন কমিটি গঠন করা হয়-

(১) উপজেলা নির্বাহী অফিসার- আহবায়ক
(২) উপজেলা প্রকৌশলী- সদস্য
(৩) উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা- সদস্য।

গঠিত কমিটিকে অতি শীঘ্রই এ বিষয়ে ব্যবস্থা গ্রহণের জন্য সভা হতে অনুরোধ করা হয়।

সিদ্ধান্ত ঃ ৩। চেয়ারম্যান ও ভাইস চেয়ারম্যানদ্বয়ের এপ্রিল/১৪ হতে জুন/১৪ পর্যন্ত ০৩ (তিন) মাসের ভ্রমন বিল বাবদ গৃহিত ৮৪,১২৫/- (চুরাশি হাজার একশত পঁচিশ) টাকা সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়।

২০। (ছ) সভাপতি মহোদয় সভায় জানান যে, বিগত মে/১৪ মাসের মাসিক সভায় উপজেলা পরিষদের কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালনার নিমিত্তে ০১টি ফ্যাক্স মেশিন, ০২টি ল্যাপটপ, ০১টি লেজার প্রিন্টার, ০১টি মাল্টিমিডিয়া প্রজেক্টর, অফিসের বিভিন্ন আসবাবাদি ক্রয় করার সিদ্ধান্ত গৃহিত হয় এবং বর্ণিত সরঞ্জামাদি কোটেশনের মাধ্যমে উপজেলা পরিষদের রাজস্ব তহবিল (উপজেলা ভূমি হস্তান্তর খাত ১%) হতে সভাপতি মহোদয়ের সার্বিক দায়িত্বে ক্রয় জন্য নিম্নবর্ণিত কর্মকর্তাগণের সমন্বয়ে একটি কোটেশন কমিটিও গঠন করা হয় কিন্তু কোটেশন কমিটি এখন পর্যন্ত এ বিষয়ে কোন পদক্ষেপ গ্রহণ করেনি।

১। উপজেলা প্রকৌশলী - আহবায়ক
২। উপজেলা সমাজ সেবা অফিসার - সদস্য
৩। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা - সদস্য

এতদ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।

সিদ্ধান্তঃ অতি শীঘ্রই উল্লেখিত সামগ্রীগুলো ক্রয়ের ব্যবস্থা গ্রহণ করার জন্য গঠিত কমিটিকে অনুরোধ করা হয়।

সভাপতি মহোদয় আরো জানান যে, অত্র উপজেলার উন্নয়নের স্বার্থে প্রতিটি ইউনিয়ন হতে ইউপি সভার রেজুলেশনসহ ০২টি করে উন্নয়ন প্রকল্প সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যানগণ এবং উপজেলা প্রকৌশলী কর্তৃক ০২টি প্রকল্প তার বরাবরে দাখিল করা হয়েছে। দাখিলকৃত প্রকল্পগুলো উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে বাস্তবায়ন করা হলে জনগণের জীবনযাত্রার মানোন্নয়ন ঘটবে। বিষয়টি নিয়ে বিস্তারিত আলোচনা হয়।

**প্রকল্পগুলো নিম্নরূপ-**

| | | | |
|---|---|---|---|
| ১। | তুলসীগংগা ইউনিয়নের বিভিন্ন রাস্তায় পানি নিষ্কাশনের জন্য রিং পাইপ স্থাপন প্রকল্প | ১,০০,০০০/- | চেয়ারম্যান তুলসীগংগা, ইউপি, ক্ষেতলাল, জয়পুরহাট |
| ২। | তুলসীগংগা ইউনিয়নের বিভিন্ন গ্রামে স্বল্পব্যয়ে ল্যাট্রিন সরবরাহ প্রকল্প | ১,০০,০০০/- | চেয়ারম্যান তুলসীগংগা, ইউপি, ক্ষেতলাল, জয়পুরহাট |
| ৩। | বড়তারা ইউপির বিভিন্ন গ্রামে রিং পাইপ স্থাপন করণ প্রকল্প | ১,০০,০০০/- | চেয়ারম্যান, বড়তারা ইউপি, ক্ষেতলাল, জয়পুরহাট |
| ৪। | বড়তারা ইউনিয়নের বিভিন্ন গ্রামে স্বল্পব্যয়ে ল্যাট্রিন স্থাপন প্রকল্প | ১,০০,০০০/- | চেয়ারম্যান, বড়তারা ইউপি, ক্ষেতলাল, জয়পুরহাট |
| ৫। | মামুদপুর ইউপির বিভিন্ন স্থানে পানি সরবরাহের জন্য রিং পাইপ স্থাপন প্রকল্প | ১,০০,০০০/- | চেয়ারম্যান, মামুদপুর ইউপি, ক্ষেতলাল, জয়পুরহাট |
| ৬। | মামুদপুর ইউনিয়নের বিভিন্ন গ্রামে স্বল্পব্যয়ে ল্যাট্রিন স্থাপন প্রকল্প | ১,০০,০০০/- | চেয়ারম্যান, মামুদপুর ইউপি, ক্ষেতলাল, জয়পুরহাট |
| ৭। | আলমপুর ইউপির বিভিন্ন স্থানে পানি সরবরাহের জন্য রিং পাইপ স্থাপন প্রকল্প | ১,০০,০০০/- | চেয়ারম্যান, আলমপুর ইউপি, ক্ষেতলাল, জয়পুরহাট |
| ৮। | আলমপুর ইউনিয়নের বিভিন্ন গ্রামে স্বল্পব্যয়ে ল্যাট্রিন স্থাপন প্রকল্প | ১,০০,০০০/- | চেয়ারম্যান, আলমপুর ইউপি, ক্ষেতলাল, জয়পুরহাট |
| ৯। | বড়াইল ইউপির বিভিন্ন স্থানে পানি সরবরাহের জন্য রিং পাইপ স্থাপন প্রকল্প | ১,০০,০০০/- | চেয়ারম্যান, বড়াইল ইউপি, ক্ষেতলাল, জয়পুরহাট |
| ১০। | বড়াইল ইউনিয়নের বিভিন্ন গ্রামে স্বল্পব্যয়ে ল্যাট্রিন স্থাপন প্রকল্প | ১,০০,০০০/- | চেয়ারম্যান, বড়াইল ইউপি, ক্ষেতলাল, জয়পুরহাট |
| ১১। | উপজেলা পরিষদের টিনসেড ভবন সংস্কার প্রকল্প | ১,০০,০০০/- | উপজেলা প্রকৌশলী, ক্ষেতলাল, জয়পুরহাট। |
| ১২। | উপজেলা প্রকৌশলী দপ্তরের রুমের মাঝের পার্টিশন তৈরী ও রুম সংস্কার প্রকল্প | ১,০০,০০০/- | উপজেলা প্রকৌশলী, ক্ষেতলাল, জয়পুরহাট। |
| ১৩। | ক্ষেতলাল কেন্দ্রীয় শহীদ মিনার সংস্কার প্রকল্প | ১,০০,০০০/- | উপজেলা প্রকৌশলী, ক্ষেতলাল, জয়পুরহাট। |

| | | | |
|---|---|---|---|
| ১৪। | উপজেলার বিভিন্ন ইউনিয়নে বিশুদ্ধ পানীয়জলের অভাব পূরনে টিউবওয়েল স্থাপন প্রকল্প | ১,০০,০০০/- | ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ক্ষেতলাল |
| ১৫। | উপজেলার বিভিন্ন ইউনিয়নে বিশুদ্ধ পানীয়জলের অভাব পূরনে টিউবওয়েল স্থাপন প্রকল্প | ১,০০,০০০/- | মহিল ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ক্ষেতলাল |
| ১৬। | উপজেলার বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে খেলাধুলার সরঞ্জামাদি সরবরাহ করণ প্রকল্প | ১,০০,০০০/- | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ক্ষেতলাল |
| ১৭। | উপজেলার বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষা উপকরণ সরবরাহ করণ প্রকল্প | ১,০০,০০০/- | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ক্ষেতলাল |

সিদ্ধান্ত ঃ ইউপি চেয়ারম্যান ও উপজেলা প্রকৌশলী কর্তৃক দাখিলকৃত প্রকল্পগুলো জনস্বার্থে উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে PIC এর মাধ্যমে বাস্তবায়ন করা হবে মর্মে সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহিত হয়।

২১। সভায় নিম্নোক্ত বিল ভাউচারগুলো উপস্থাপন করা হয়। বিলগুলো যাচাই-বাছাই অন্তে সঠিক থাকায় উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে পরিশোধের সিদ্ধান্ত গৃহিত হয়।

১। উপজেলা পরিষদ কার্যালয়ের জুলাই/২০১৪ মাসের আপ্যায়ন ও আনুসাঙ্গিক বিল- যথাক্রমে আপ্যায়ন-৪৮০০ + আনুসাঙ্গিক-১৯৫০= মোট- ৬৮৯০/- (ছয় হাজার সাতশত পঞ্চাশ) (বাসাভারা আদায় ও রক্ষনা-বেক্ষন খাত)।

২। উপজেলা পরিষদের চেয়ারম্যান মহোদয়ের কার্যালয়ের দুইজন এমএলএসএস এবং একজন মালীর জুন/১৪ মাসের দৈনিক মজুরী বাবদ ১৬২০০/- (ষোল হাজার দুইশত) টাকা। (বাসা ভাড়া আদায় ও রক্ষনা-বেক্ষন খাত)

৩। উপজেলা পরিষদের জুলাই/১৪ মাসের ড্রেন পরিস্কার বাবদ ৩০০/-(ছয়শত) টাকা (বাসা ভাড়া আদায় ও রক্ষনা-বেক্ষন খাত)

৪। জুন ও জুলাই/১৪ মাসের বিদ্যুৎ বিল বাবদ ৬১৮৬/- (ছয় হাজার একশত ছিয়াশি) টাকা (বাসা ভাড়া আদায় ও রক্ষনা-বেক্ষন খাত)

সিদ্ধান্তঃ উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে উপরোক্ত বিলগুলো পরিশোধ করা হবে।

অতঃপর আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সদস্যগণকে ধন্যবাদ জ্ঞাপন পূর্বক সুভার সমাপ্তি ঘোষণা করেন ।

২২/৭/১৪

(মোঃ রওনকুল ইসলাম টিপু চৌধুরী)
সভাপতি
উপজেলা পরিষদ কমিটি
ও
চেয়ারম্যান, উপজেলা পরিষদ
ক্ষেতলাল, জয়পুরহাট।